

# সমকাল

www.samakal.net

দৈনিক সমকাল, ১৯/০২/২০১৭, পৃ- ১৬

## শিক্ষা সংবাদ

### ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

উচ্চশিক্ষার মান বাড়াতে গবেষণার তাগিদ দিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। তিনি বলেন, মানসম্মত গবেষণা কমে যাওয়ার ফলেই উচ্চশিক্ষায় এ দেশের প্রতিষ্ঠানগুলো পিছিয়ে পড়ছে। সে জন্য বেশি বেশি



ভালোমানের গবেষণা করতে শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি তাগিদ দেন তিনি। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের (সিআরটি) ১০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতিসংঘের উচ্চশিক্ষা মান উন্নয়ন

প্রকল্পের (হেকপ) আংশিক সহায়তায় ১৭ ও ১৮ ফেব্রুয়ারি ২ দিনব্যাপী 'নলেজ ট্রান্সফার' শিরোনামের সম্মেলনটি অনুষ্ঠিত হয়। এবারের সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের মানবোন্নয়ন কেন্দ্রের অধ্যাপক অমিতাভ কুণ্ডু। ভারত ও বাংলাদেশের গবেষকদের অংশগ্রহণে অনুষ্ঠিত এ সম্মেলনের বিশেষ অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।